

বিজ্ঞপ্তি

নং-৮০.১০৪.০৩৯.০০.০২.১ম.২০১৭. ২২

তারিখঃ ২১.০২.২০১৭খ্রিঃ

বিষয়ঃ বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাদের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৭ গ্রহণ প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডারভুক্ত ও নন-ক্যাডার কর্মকর্তাগণের ২০১৭ সনের প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন, ২০১৭ মাসে অনুষ্ঠিত হতে পারে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। আগামী ২৭ ফেব্রুয়ারি দুপুর ১২.০০ ঘটিকা থেকে ২২ মার্চ ২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ ঘটিকার মধ্যে অনলাইন-এ আবেদনপত্র (সফট কপি)নির্ভুলভাবে পূরণ করে দাখিল করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র দাখিলের পর শুধুমাত্র প্রিন্টেড কপি (হার্ড কপি) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে আগামী ১৭ এপ্রিল(সোমবার), ২০১৭ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে অবশ্যই বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পৌঁছাতে হবে। উল্লিখিত তারিখের পর কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, মন্ত্রণালয় হতে বিলম্বে আবেদনপত্র প্রেরণ ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা আবেদনপত্র মন্ত্রণালয়ের মাধ্যমে না পাঠিয়ে সরাসরি সরকারী কর্মকমিশনে পাঠানোর কারণে অনেক কর্মকর্তার আবেদনপত্র বাতিল হয়ে যায় এবং এ সকল কর্মকর্তা পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ হতে বঞ্চিত হন।

[বিশেষ দ্রষ্টব্য যে সকল কর্মকর্তা নন-ক্যাডার থেকে বিসিএস ক্যাডারে অন্তর্ভুক্তি (এন ক্যাডার) করা হয়েছে তাদেরকে অবশ্যই সংশ্লিষ্ট আদেশ/প্রজ্ঞাপনের কপি আবেদনপত্র/হার্ডকপির সাথে সংযুক্ত করতে হবে অন্যথায় আবেদনপত্র/হার্ডকপি বাতিল বলে গণ্য করা হবে।]

২. অনলাইন-এ আবেদনপত্রের ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের প্রিন্টেড কপিতে (হার্ড কপি) আবেদনকারী এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (হার্ড কপি) বাতিল বলে গণ্য হবে। প্রেরিত আবেদনপত্র (হার্ড কপি) এবং আবেদনপত্রে লিখিত তথ্যসমূহ সঠিক এবং অবশ্যই ত্রুটিমুক্ত হতে হবে। যে কোন ধরনের ত্রুটিমুক্ত বা ভুল তথ্য সংবলিত আবেদনপত্র (হার্ড কপি) সরাসরি বাতিল বলে গণ্য হবে। বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী প্রার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা বাতিল হবে। এ বিষয়ে সতর্ক থাকার জন্য আবেদনকারী, আবেদনকারীর উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব/সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মনোযোগ/ দৃষ্টি পুনরায় আকর্ষণ করা যাচ্ছে। শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত অনলাইন-এ আবেদনপত্র দাখিল এবং পরবর্তীতে ম্যানুয়ালি তা মন্ত্রণালয়ে পাঠানোর জন্য প্রার্থীগণকে পরামর্শ দেওয়া হলো।
৩. অনলাইন-এ বিপিএসসি-৮ পূরণের নিয়মাবলি নিম্নরূপঃ-
প্রার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট website: www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ ওয়েবসাইটটি ওপেন করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা, জুন/২০১৭ এর বাটনে Click করলে Notice, Instructions for Submitting Application, বিপিএসসি ফরম-৮: রেজিস্ট্রেশন ফরম এর Link দৃশ্যমান হবে। Noticeএর Link ক্লিক করলে প্রথম অর্ধ-বার্ষিকী বিভাগীয় পরীক্ষা জুন/২০১৭ এর বিজ্ঞপ্তি পাওয়া যাবে। ওয়েবসাইটে আবেদনপত্র পূরণের বিস্তারিত নির্দেশনা দেওয়া আছে। ফরম পূরণের পূর্বে প্রার্থীগণ Instruction for submitting Application --এ click করে Instruction অংশটি ভাল করে পড়বেন। বিপিএসসি ফরম-৮ এর ৪(চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: Others ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলি রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং বিপিএসসি ফরম-৮ এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য নির্দেশনা অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। এ জন্য প্রার্থীদের National ID card এর নম্বর, ছবি{ইমেজ ৩০০x৩০০ পিক্সেল (Pixels), ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর{ইমেজ ৩০০x৮০ পিক্সেল (Pixels),ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।
৪. প্রার্থীকে অবশ্যই কমিশন কর্তৃক অনলাইন-এর নির্ধারিত ফরমে অনলাইন-এ আবেদন করতে হবে। অনলাইন-এ আবেদনপত্রের প্রিন্টেড কপি (হার্ড কপি) ব্যতীত অন্য ধরনের আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না অথবা পূর্বের আবেদনপত্রে আবেদন করলে সেক্ষেত্রে বাতিল বলে গণ্য হবে।
৫. ওয়েব সাইটে অনলাইনে আবেদন করার বিস্তারিত নির্দেশাবলি দেওয়া আছে। [www. bpsc. gov. bd]
৬. পরীক্ষা অনুষ্ঠানের পূর্বে যোগ্য এবং অযোগ্য প্রার্থীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য প্রার্থীর তালিকা পরবর্তী সময়ে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে জানানোর পর প্রার্থীগণকে কমিশনের ওয়েবসাইট হতে download করে পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। অনলাইন-এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে e-mail:dept_support@ bpsc.gov.bd এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ শাহ আলম মুধা)
পরিচালক(যোগা-সচিব)

২১/০২/২০১৭